

১১/০১/২০২৩

সম্মানিত অভিভাবক,

আসসালামু আলাইকুম

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ই জানুয়ারি, শনিবার কসমো স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক উৎসব-২০২৩ স্কুলসংলগ্ন সিটি ক্লাব মাঠে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ উৎসবে আপনাদের উপস্থিতি আমাদের একান্ত কাম্য। উৎসব সম্পর্কিত তথ্য-

১৪ই জানুয়ারি, শনিবার: অনুষ্ঠান শুরু হবে সকাল ৭:৩০ মিনিট। অনুষ্ঠান সম্পন্ন হবে সন্ধ্যা ৭:৩০ মিনিট।

- ১৪ই জানুয়ারি, শনিবার : প্রেপ-ওয়ান থেকে ২য় শ্রেণির রিপোর্টিং সকাল ৭:১৫ মিনিট। স্থান : সিটি ক্লাব মাঠ
- ১৫ই ও ১৬ই জানুয়ারি, রবিবার ও সোমবার স্কুল বন্ধ থাকবে। ১৭ই জানুয়ারি, মঙ্গলবার থেকে যথারীতি ক্লাস চলবে। ক্লাসের সময়সূচি SMS-এর মাধ্যমে জানানো হবে।

বি.দ্র. উৎসবের দিন ১ম অংশে শিক্ষার্থীরা অবশ্যই স্কুল ড্রেস (বালক - নির্ধারিত হেয়ার কাট)-এ আসবেন এবং আইডি কার্ড ধারণ করবেন। উৎসবের ২য় অংশে অর্থাৎ সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে শিক্ষার্থীরা বয়স উপযোগী, মানানসই পছন্দনীয় পোশাক পরিধান করতে পারবেন।

ধন্যবাদান্তে,

কসমো স্কুল

অনুষ্ঠানসূচি

১৪/০১/২০২৩, শনিবার

সময় : সকাল ৭:৩০ - সন্ধ্যা ৭:৩০ মিনিট

সকাল ০৭:৩০	:	গ্যালারিতে সম্মানিত অভিভাবক ও অতিথিদের আসন গ্রহণ
সকাল ০৭:৪৫	:	উদ্বোধনী অনুষ্ঠান (১ম পর্ব)
সকাল ০৮:১৫	:	মার্চপাস্ট ও ডিস্‌প্লে
সকাল ০৯:০০	:	বার্ষিক ক্রীড়া উৎসবের আউটডোর ইভেন্টসমূহ
দুপুর ০১:৩০	:	মধ্যাহ্ন বিরতি (নামাজ এবং আহার)
দুপুর ০২:১৫	:	বার্ষিক ক্রীড়া উৎসবের আউটডোর ইভেন্টসমূহ
বিকাল ০৪:০০	:	ইভেন্ট: যেমন খুশি তেমন সাজো
সন্ধ্যা ০৫:৪০	:	সাংস্কৃতিক অনুষ্ঠান (২য় পর্ব)
সন্ধ্যা ০৭:৩০	:	সমাপ্তি